সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৩৭ তারিখ: ০৪ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৯ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৯ নভেম্বর, ২০২২ তারিখ শনিবার 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)' এবং 'বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম)' এর যৌথ উদ্যোগে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে নোয়াখালী জেলাতে আয়োজিত হয় 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২'। নোয়াখালী জেলার মাইজদীর দত্তেরহাটে অবস্থিত নোয়া কনভেনশন সেন্টার অ্যান্ড হোটেলে কনফারেন্স অনুষ্ঠানটি শুরু হয় সকাল ১০:০০ টায়।

কনফারেন্সের প্রথম অধিবেশনে স্বাগত বক্তব্য রাখেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। তিনি স্বাগত বক্তব্যে কনফারেন্সে অংশগ্রহণ করা সকলকে বিএসইসি'র পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান। স্বাগত বক্তব্যের পর তিনি 'Investing in the Bangladesh capital market' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি গত ৫০ বছরের শিক্ষার হার, দারিদ্র্যের হার, জীবনযাত্রার মান, নারী শ্রমশক্তির ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়নের কথা উল্লেখ করে বাংলাদেশের ঋণ স্থিতিশীলতা এবং প্রবৃদ্ধির কথা তুলে ধরেন। তিনি বাজার কাঠামো, বাংলাদেশের পুঁজিবাজারের প্রোডাক্টগুলো, সাম্প্রতিক সময়ের বাংলাদেশের মুদ্রাস্ফীতি, কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন।

এরপর 'Smart & Intelligent Investor' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। তিনি সঠিক পরিকল্পনার মাধ্যমে কিভাবে স্মার্ট বিনিয়োগ সিদ্ধান্ত নেয়া উচিত সে বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

প্রথম অধিবেশনে প্রবন্ধ উপস্থাপনার পর একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। বিএএসএম এর মহাপরিচালক ড. তৌফিক আহমেদ চৌধুরীর সঞ্চালনায় প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন ডিএসই'র পরিচালক মোঃ শাকিল রিজভী, আইল্যান্ড সিকিউরিটিজ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ মহিউদ্দিন এফসিএমএ, ব্র্যাক ইপিএল স্টক ব্রোকারেজ লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আহসানুর রহমান এবং ডিএসই ব্রোকারেজ অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব রিচার্ড ডি রোজারিও। প্যানেল আলোচনার শেষ অংশে অংশগ্রহণকারী বিনিয়োগকারীদের প্রশ্নের ভিত্তিতে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। প্যানেল আলোচকবৃন্দ এবং বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান ও নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম বিনিয়োগকারীদের প্রশ্নের উত্তর দেন।

এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, নোয়াখালীর জেলা প্রশাসক জনাব দেওয়ান মাহবুবুর রহমান, নোয়াখালীর পুলিশ সুপার জনাব মোঃ শহীদুল ইসলাম পিপিএম এবং নোয়াখালী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালক বীর মুক্তিযোদ্ধা জনাব তপন চন্দ্র মজুমদার।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বৃহত্তর নোয়াখালীর সূর্যসন্তান বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাবেক চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ও সাবেক উপাচার্য ড. এ কে আজাদ চৌধুরী। তিনি বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম নেতৃত্বের প্রশংসা করেন। দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের নির্দেশনার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেন এবং এই কার্যক্রমের সফলতা কামনা করেন। তিনি বলেন, "মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জীবনপণ যুদ্ধ করে জাতির

পিতার স্বপ্ন বাস্তবায়ন করে চলেছেন ”। তিনি ৫০ বছরে বাংলাদেশের অভাবনীয় উন্নয়ন সফলতার প্রশংসা করেন। গত কয়েক বছর বাংলাদেশ নানা বৈশ্বিক সংকটের মাঝেও বিশ্বের অধিকাংশ দেশের তুলনায় ভালো অবস্থান বজায় রেখেছে বলে তিনি মন্তব্য করেন।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি কনফারেন্সের সকল বক্তার প্রশংসা করেন। প্রধান অতিথি ড. এ কে আজাদ চৌধুরী মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বিশ্ববিদ্যালয় জীবনে তার জ্ঞান ও প্রশাসনিক দক্ষতার ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের কথা স্মরণ করেন তিনি। ক্ষুদ্র ক্ষুদ্র বিনিয়োগের সমন্বয়ে বৃহদাকার পুঁজি সৃষ্টি হয় উল্লেখ করে তিনি বিনিয়োগকারীদের বলেন, আপনাদের বিনিয়োগ থেকেই ব্যবসা-বাণিজ্যের প্রসার ও শিল্পায়নের মাধ্যমে দেশের দেশের উন্নয়ন হবে। তিনি আরো বলেন, বাংলাদেশ নিম্ন মধ্যম থেকে মধ্যম আয়ের দেশ হওয়ার মাধ্যমে উন্নয়নের পথে রয়েছে এবং এই অগ্রগতিকে আরো এগিয়ে নিতে আমাদের কয়েকশো বিলিয়ন ডলার দরকার। এর সবটাই শুধু বাংলাদেশ থেকে পাওয়া সম্ভব নয়। সেই প্রেক্ষিতে দেশের ব্যান্ডিং এবং সুনাম তৈরির প্রয়োজনের কথা তুলে ধরে তিনি বলেন, বৈদেশিক বিনিয়োগের আকৃষ্টের মাধ্যমে দেশের বাজারে বিনিয়োগ আনতে হবে। বুঝেশুনে বিনিয়োগ করে সব বাজারেই লাভ করা যায় মন্তব্য করে তিনি বলেন, বিনিয়োগ শিক্ষা গ্রহণ করুন এবং বিনিয়োগের ঝুঁকি বুঝে সঞ্চয়ের একটি অংশ সচেতন বিনিয়োগ করুন। তিনি বাংলাদেশের সোনালী ভবিষ্যতের আশাবাদ ব্যক্ত করেন এবং দেশ পরিচালনায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা করেন।


'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২' এর দ্বিতীয় অধিবেশন শুরু হয় দুপুর ২:৩০ ঘটিকায়। দ্বিতীয় অধিবেশনে প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র অতিরিক্ত পরিচালক জনাব মোহাম্মদ নজরুল ইসলাম। এরপর দ্বিতীয় অধিবেশনের প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান, বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব মোঃ ছায়েদুর রহমান এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এর সহকারী অধ্যাপক মিজ ফাতেমা জান্নাত। এরপর ধন্যবাদ বক্তব্য রাখেন নোয়াখালীর ভুলুয়া ডিগ্রী কলেজের অধ্যক্ষ আবু জাফর মোহাম্মদ হারুন।

'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২' এর সমাপনী বক্তব্য রাখেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। তিনি বলেন, “বিনিয়োগ শিক্ষা নিয়ে আমরা প্রতিটি জেলায় যাব। নোয়াখালীর সকলকে ধন্যবাদ। আপনাদের জেলায় এসে আমরা উৎসাহ পেয়েছি”। তিনি কনফারেন্স অনুষ্ঠানের সাথে যুক্ত থাকা সকলের প্রশংসা করেন এবং ধন্যবাদ জানান। তিনি অন্যান্যের মধ্যে বলেন, "মূলধন অবশ্যই মূলধনের বাজার থেকে সংগ্রহ করা উচিত। পুঁজিবাজারই পারে দীর্ঘমেয়াদী মূলধনের যোগান দিতে"।

উল্লেখ্য, 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২' অনুষ্ঠানটি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)-এর অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ সম্প্রচারিত হয়। এছাড়াও কনফারেন্স অনুষ্ঠানের পাশাপাশি একই স্থানে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত একটি বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


BSEC
বিনিয়োগের
সচেতন
বিনিয়োগ
সমৃদ্ধ আগামী


বিনিয়োগের
সচেতন
বিনিয়োগ
সমৃদ্ধ আগামী


BSEC
এক্সচেঞ্জ কমিশন
সচেতন
বিনিয়োগ
সমৃদ্ধ আগামী
বিনিয়োগ সমৃদ্ধ আগামী


BASM
বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস
দেশব্যাপী
বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স
নোয়াখালী - ২০২২
তন বিনিয়োগ সমৃদ্ধ আগামী


BASM
বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস
দেশব্যাপী
বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
বিনিয়োগ শিক্ষা কনফারেন্স
নোয়াখালী - ২০২২
১৯ নভেম্বর ২০২২, সকাল: ১০:০০টা
নোয়া কনভেনশন সেন্টার অ্যান্ড হোটেল